দৈনিক ইত্তেফাক

তারিখ 15 AUG 1982 ... ...
পৃষ্ঠা ... ... 2 কলাম 5 ... ...

২৯শে শ্রাবণ ১৩৮৯ বাং

47

## মহাখালীতে মহিলা কলেজ চাই

রাজধানী ঢাকার উত্তরাঞ্চলের গুলশান বিরাট এলাকা। এখানে প্রায় পনর লক্ষ অধিবাসীর বাস। কিন্তু অতীব দুঃখের বিষয়, এলাবাসীর বহুদিনের দাবী একটি মহিলা কলেজ আজ অবধি প্রতিষ্ঠিত হয় নাই। ফলে রাজধানীর উত্তরাঞ্চলের ছাত্রীদের এস,এস,সি পরীক্ষা পাস করার পর দূরবর্তী ইডেন, বদরুন্নেসা, সিদ্ধেশ্বরী মহিলা কলেজ ও লালমাটিয়া মহিলা কলেজে ভর্তির জন্য ধরনা দিতে হয়। ভর্তির অভাবে অনেক ছাত্রী উচ্চ শিক্ষার সুযোগ হইতে বঞ্চিতও থাকিয়া যায়। গুলশানের একমাত্র সরকারী কলেজ তিতুমীর কলেজে সহ-শিক্ষার ব্যবস্থা থাকিলেও এই অঞ্চলের প্রায় শতকরা আশিজন ধর্মপ্রাণ অভিভাবক মেয়েদের সহ-শিক্ষার পরিবেশে প্রেরণে ইচ্ছুক নন।

গুলশানের মেয়েদের উচ্চ শিক্ষার সুবিধার্থে একটি মহিলা কলেজ প্রতিষ্ঠার জন্য আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মুহম্মদ বদিউল আলম,
অধ্যক্ষ, সিদ্ধেশ্বরী ডিগ্রী কলেজ

মহাখালীতে মহিলা কলেজ চাই।

চিঠি। দৈনিক ইত্তেফাক, ঢাকা। আগষ্ট ১৫ : 2

রাজধানী ঢাকার উত্তরাঞ্চলের গুলশানে প্রায় পনর লক্ষ লোক বাস করে। ~~এলাকাবাসীর দাবী~~ গুলশানের মেয়েদের উচ্চ শিক্ষার সুবিধার্থে এলাকাবাসী একটি মহিলা কলেজ প্রতিষ্ঠার দাবী জানিয়েছে।